

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৭৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৬৪]

২/ পানাহারের আদব-কায়দা (كتاب أدب الطعام)

পরিচ্ছেদঃ ১১২: মশক ইত্যাদির মুখে মুখ লাগিয়ে পানি পান করা অপছন্দনীয়, তবে তা হারাম নয়

(112) بَابُ كَرَاهَةِ الشُّرْبِ مِنْ فَمِ الْقَرِيَةِ وَنَحْوِهَا وَيَبَيِّنُ أَنَّهُ كَرَاهَةٌ تَنْزِيهِ لَا تَحْرِيمٌ

আরবী

وَعَنْ أُمِّ ثَابِتٍ كَبْشَةَ بِنْتِ ثَابِتٍ أُخْتِ حَسَّانَ بْنِ ثَابِتٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَتْ: دَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَرِبَ مِنْ فِيِّ قَرِيَةٍ مُعَلَّقَةٍ قَائِمًا، فَقُمْتُ إِلَى فِيهَا فَقَطَعْتُهُ . رواه الترمذي، وقال: حديث حسن صحيح

বাংলা

৩/৭৬৮। উম্মে সাবেত কাবশাহ বিনতে সাবেত, হাসসান ইবনে সাবেতের ভগিনী (রাদিয়াল্লাহু 'আনহুমা) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন এবং একটি ঝুলন্ত মশকের মুখ থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে পানি পান করলেন। সুতরাং আমি উঠে তার মুখটা কেটে নিলাম। (তিরমিযী হাসান সহীহ)[1]

উম্মে সাবেত মশকের মুখটি কেটেছিলেন; যাতে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্র মুখ স্পর্শকৃত ঐ অংশটুকু সংরক্ষণ করেন, তার দ্বারা বরকত লাভ করেন এবং অসম্মান থেকে বাঁচিয়ে রাখেন। এ হাদীসটি সরাসরি পাত্রের মুখ থেকে পানি পান করার বৈধতার উপর বর্তানো যায়। আর পূর্বোক্ত হাদীস দু'টি এ ব্যাপারে উত্তম ও পূর্ণাঙ্গরীতি বর্ণনা করার জন্য এসেছে। আর আল্লাহই বেশি জানেন।

English

(112) Chapter: Undesirability of Drinking Directly from the Mouth of a Water-Skin

Umm Thabit Kabshah (May Allah be pleased with her), daughter of Thabit (May Allah be pleased with him) and the sister of Hassan bin Thabit, the Prophet's poet) reported:

Messenger of Allah (ﷺ) visited me and drank some water from a hanging water-skin while he was in a standing posture. So, I stood up and cut off the mouth (of that water-skin). An-Nawawi said that the reason why she did this was to keep to receive benediction that part of the water-skin which the lips

of Messenger of Allah (ﷺ) touched.

[At- Tirmidhi].

Commentary: The first two Ahadith forbid us from drinking water out of the mouth of a water-skin, whereas, once Messenger of Allah (PBUH) himself had done so. This shows that not to drink water by this way is also approved. However, if needed, it is allowable. For this reason Imam An-Nawawi clarified that to drink water out of the mouth of the water-skin is conditionally permissible and not forbidden. But to eschew it is desirable. Likewise, to receive benediction from the Prophet's left-overs is permissible as long as this does not take the form of worship and glorification.

ফুটনোট

[1] তিরমিযী ১৮৯২, ইবনু মাজাহ ৩৪২৩

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23772>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন